29

দৈনিক জনকণ্ঠ

তারিখ 26 AUG 1996
পৃষ্ঠা 7 কলাম

# স্বরাষ্ট্র সচিব অপসারিত

স্টাফ রিপোর্টার ॥ স্বরাষ্ট্র সচিব সৈয়দ রেজাউল হায়াতকে স্বাস্থ্য মন্ত্রণালয়ে বদলি করা হয়েছে। স্বরাষ্ট্র সচিব হিসাবে নিয়োগ লাভ করেছেন স্বাস্থ্য মন্ত্রণালয়ের সচিব মোহাম্মদ আলী। গতকাল রবিবার সংস্থাপন মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে এ নিয়োগ আদেশ দেয়া হয়।

সংশ্লিষ্ট সূত্র জানায়, বগুড়া ও ঢাকা ভার্সিটিতে আইন-শৃঙ্খলা পরিস্থিতি অবনতির প্রেক্ষিতে স্বরাষ্ট্র সচিবকে বদলি করা হয়। বিদায়ী স্বরাষ্ট্র সচিব এসব ঘটনায় পুলিশ প্রশাসনকে যথাযথভাবে নির্দেশ প্রদানে দূর্বলতা দেখিয়েছেন।

(শেষ পৃষ্ঠা ৬ কঃ দেখুন)

(প্রথম পাতার পর)

## স্বরাষ্ট্র সচিব

এছাড়া বিভিন্ন ঘটনায় ওই দুর্বলতা প্রকাশ পাওয়ায় পুলিশ প্রশাসনও ইচ্ছামত কাজ করেছে। যার জন্য পুলিশ প্রশাসনের ওপর স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণ অনেকটা শিথিল হয়ে পড়ে।

সূত্র জানায়, নবনিযুক্ত স্বরাষ্ট্র সচিব মোহাম্মদ আলী আগামী ৩ সেপ্টেম্বর থেকে অবসর ছুটিতে (এলপিআর) যাবার কথা। তবে তাকে এক বছর চুক্তিভিত্তিতে নিয়োগ দেয়া হতে পারে বলে জানা গেছে। তার এ চুক্তিভিত্তিক নিয়োগ প্রশাসনে প্রতিক্রিয়া দেখা দিতে পারে। কেননা ইতোপূর্বে নয়া সরকার নীতিগতভাবে এ ধরনের কোন নিয়োগ না দেয়ার সিদ্ধান্ত নিয়েছিল। তবে প্রশাসনে সচিব মোহাম্মদ আলী অত্যন্ত সৎ ও দক্ষ কর্মকর্তা হিসাবে খ্যাতি কুড়িয়েছেন। নতুন সরকারের কাছেও তিনি অত্যন্ত বিশ্বস্ত ব্যক্তি।